

💵 নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

প্রত্যেক রাকাআতে সূরা ফাতিহা পাঠ ফরয وجوب قراءة (الفاتحة) في كل ركعة

নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ছলাতে ক্রটিকারীকে প্রত্যেক রাকাআতে সূরা ফাতিহা পাঠের নির্দেশ দিয়েছেন। কেননা তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) তাকে প্রথম রাকাআতে সূরা ফাতিহা পাঠের নির্দেশ দান পুর্বক[1] বলেনঃ

ثم افعل ذلك في صلاتك كلها وفي رواية في كل ركعة وقال : في كل ركعة قراءة

তুমি তোমার প্রত্যেক ছালাতেই এমনটি করবে।[2] অপর বর্ণনায় এসেছে প্রত্যেক রাকআতেই এমনটি করবে।[3] তিনি আরো বলেনঃ প্রত্যেক রাকআতেই কিরাআত রয়েছে।[4]

ফুটনোট

- [1] শক্তিশালী সনদে আবু দাউদ ও আহমাদ।
- [2] বুখারী ও মুসলিম।
- [3] উত্তম সনদে আহমাদ।
- [4] ইবনু মাজাহ, ইবনু হিব্বান স্বীয় 'ছহীহ'তে ও আহমাদ ''মাসাইলু ইবনি হা-নী" তে (১/৫২), জাবির (রাযিঃ) বলেনঃ যে সূরা ফাতিহা ব্যতীত কোন রাকাআত পড়ল সে যেন ছালাতই পড়েনি। তবে ইমামের পিছনে হলে সে কথা স্বতন্ত্র। মালিক আল-মুয়াত্তা গ্রন্থে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8170

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন